দৈনিক জনকণ্ঠ

২০।৩।২০০৩

তারিখ ...............

পৃষ্ঠা ...১... কলাম ...৪.....

## দুর্গাদাস ভট্টাচার্যের নিয়োগ বাতিল ॥ অধ্যাপক মমিন চৌধুরী জাতীয় বিশ্ববিদ্যালয়ের নয়া উপাচার্য

স্টাফ রিপোর্টার ॥ তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর বিচারপতি লতিফুর রহমান জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক দুর্গাদাস ভট্টাচার্যের নিয়োগ বাতিল করেছেন। শিক্ষামন্ত্রণালয় রবিবার এ ব্যাপারে প্রজ্ঞাপন জারি করেছে। চ্যান্সেলর জাতীয় বিশ্ববিদ্যালয় অধ্যাদেশের ১১(১) ধারা বলে ঢাকা

### দুর্গাদাস ভট্টাচার্যের (প্রথম পাতার পর)

বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের প্রবীণ শিক্ষক অধ্যাপক আবদুল মমিন চৌধুরীকে চার বছরের জন্য উপাচার্য হিসাবে নিয়োগদান করেছেন।

উল্লেখ্য, তত্ত্বাবধায়ক সরকার ক্ষমতায় এসে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে প্রধান পদে চাকরিরত রাজনৈতিক ব্যক্তিদের সরিয়ে দেয়ার উদ্যোগ নেয়। অধ্যাপক ভট্টাচার্য আওয়ামী লীগের উপদেষ্টা।

গত বছরের ২১ অক্টোবর দুর্গাদাস ভট্টাচার্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসাবে যোগদান করেন। তাঁর এ নিয়োগদান আওয়ামী লীগ সমর্থক নীল দলের শিক্ষকদের মধ্যে তীব্র বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করে। বিষয়টি তৎকালীন চ্যান্সেলর ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পর্যন্ত গড়ায়। কিন্তু অদৃশ্য কারণে এই নিয়োগ বহাল থাকে। ইতোমধ্যে বিভিন্ন দৈনিকে আপন বোন কাবেরী ভট্টাচার্যের অনার্স পরীক্ষায় ফলাফল টেম্পারিংসহ অধ্যাপক দুর্গাদাসের নানা নৈতিক স্খলনজনিত খবর ছাপা হয়। ইতোপূর্বে দৈনিক জনকণ্ঠে অধ্যাপক ভট্টাচার্যের নানা অনিয়ম ও দুর্নীতি নিয়ে কয়েকটি রিপোর্ট ছাপা হয়। এসব রিপোর্ট ছাপা হওয়ার পর তিনি বিভিন্ন সভা-সমাবেশে এবং পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে জনকণ্ঠের বিরুদ্ধে বিষোদগার করেন।